

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-১ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫-৯১

তারিখ : ১৫/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয় : স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন এলজিইডি সদর দপ্তর, সকল প্রকল্প পরিচালকের দপ্তর, সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সকল উপজেলা প্রকৌশলীর দপ্তরের (জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত) অনিষ্পন্ন অডিট আপত্তির তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-১ শাখার স্মারক নং- ১৯২, তারিখঃ ০৯/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির (অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদ) তথ্যাদি এ বিভাগে নির্ধারিত ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। প্রাপ্ত তথ্যাদির মধ্যে জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষার অডিট আপত্তির তথ্য না থাকায় উক্ত তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন এলজিইডি সদর দপ্তর, সকল প্রকল্প পরিচালকের দপ্তর, সকল নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সকল উপজেলা প্রকৌশলীর দপ্তর-এর জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত অগ্রিম ও সাধারণ আপত্তির সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা ও অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ “ক ও খ” ছক মোতাবেক আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফট কপি ই-মেইল নং lgd.gov.audit1@gmail.com প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। (২০১৫ হতে জুন ২০১৬ এর মধ্যে অডিট না হয়ে থাকলে/আপত্তি না থাকলে শূন্য প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে)।

ছক - "ক"

অগ্রিম :

ক্রমিক নং	প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী/ উপজেলা প্রকৌশলী দপ্তরের নাম	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তির সংখ্যা	আপত্তির অনুচ্ছেদ নম্বর	পূর্ত অডিট/বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত প্রাপ্ত সন ভিত্তিক নিষ্পত্তির সংখ্যা	জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ সনে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ।	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

ছক "খ"

সাধারণ :

ক্রমিক নং	প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী/ উপজেলা প্রকৌশলী দপ্তরের নাম	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তির সংখ্যা	আপত্তির অনুচ্ছেদ নম্বর	পূর্ত অডিট/বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত প্রাপ্ত সন ভিত্তিক নিষ্পত্তির সংখ্যা	২০১৫-২০১৬ সনে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ সনের মধ্যে নিরীক্ষায় আপত্তিতে জড়িত টাকার পরিমাণ।	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৭৭২৩২।

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এলজিইডি (সকল).....।
- ৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল).....।
- ৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সকল).....।

স্মারক নং ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫-৯১

তারিখ : ১৫/০৩/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর/মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব।